1495 200Rs.

INDIA NON JUDICIAL

२०० रु. Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES

A. 66-
A. 28-
4-
98-

# দানপত্র দলিল

দানকৃত সম্পত্তির মূল্য ৭,০০০ সাত হাজার টাকা ॥

**দানপত্র গ্রহীতা :-** শ্রী প্রদীপ কুমার দত্ত, পিতা দেবেন্দ্র চন্দ্র দত্ত, জাতি- হিন্দু, পেশা-চাকুরী সাং- ১০ নং সাউথ পার্ক, থানা- কসবা, কলিকাতা- ৭৫, জেলা- দঃ ২৪ পরগণা ॥

**দানপত্র দাত্রী :-** শ্রীমতী রানু মজুমদার, স্বামী শ্রী সুধীর মজুমদার, জাতি- হিন্দু, পেশা- গৃহস্থালী, সাং- বিগুগিরি কুটীর আদি সপ্তগ্রাম, নামাজগড়, পোঃ- এড় কোনগর, পশ্চিম বঙ্গ

পিন- ৭১২১২১

************************************

কস্য কমবেশী ৫ কাঠা ৭ ছটাক জমি সায় তদুপরিস্থিত পুরাতন ইমারত বাটীর $\frac{1}{7}$ রকম অংশের সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায় ও নির্ব্বাধে অবস্থায় শুভ দানপত্র দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

75 Rs.

पचहत्तर रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

SEVENTY FIVE RUPEES

৭৫রু.  75Rs.



খরিদা উক্ত কোবালা খানি মোকাম আলিপুর সাব রেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৩০ নং ভলুমের ১১১ - ১১৫ নং পাতায় লিপিবদ্ধ ইংরাজী ১৯৫২ সনের ১২৩৬ নং কোবালা দলিল হইতেছে ।

অতঃপর আমার মাতার খরিদা উক্ত জমির উপর বসবাসের জন্য ইমারতাদী তৈয়ার করিয়া সকলে বসবাস করিতে থাকাবস্থায় আমাদের মাতা শ্রীমতী প্রভাসিনী দত্ত মহাশয়া তাহার একপুত্র অত্র দানপত্র গ্রহীতা ও ছয় কন্যা যথাক্রমে আমি দানপত্র দাত্রী ১। শ্রীমতী রানু মজুমদার, ২। শ্রীমতী শান্তিলতা পাল, ৩। শ্রীমতী বাসন্তী পাল, ৪। শ্রীমতী সীমা দাস, ৫। শ্রীমতী রুমা বিশ্বাস ও ৬। অধুনা মৃতা শেফালিরানী দাস মোট সাত জনকে তাহার ত্যাজ্য সম্পত্তির ওয়ারেশ উত্তরাধিকারী বর্ত্তমান রাখিয়া পরলোক গমন করিলে পর, আমি দানপত্র দাত্রী ও আমার ভগ্নীগণ ও অত্র দানপত্র গ্রহীতা মাতার ত্যাজ্য সম্পত্তি ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হই । আমার মৃত ভগ্নী শেফালি রানী দাস তাহার তিন পুত্র ও এক কন্যা ওয়ারেশ বর্ত্তমান রাখিয়া পরলোক গমন করেন ।






প্রকাশ থাকে যে, মাতার খরিদা ৬ কাঠা ৬ ছটাক ৩০ বর্গফুট জমি হইতে পূর্ব্বে ১ এক কাঠা জমি হস্তান্তর করা বাদ বক্রী ৫ কাঠা ৭ ছটাক জমির সহ তদুপরিস্থিত পুরাতন ইমারত বাটীর আমরা উল্লিখিত ভগ্নীগণ মৃত ভগ্নির পুত্র কন্যা ও অত্র দানপত্র গ্রহীতা মালিক দখলিকার থাকি ও আছি ।

তুমি দানপত্র গ্রহীতা আমার সহোদর ভ্রাতা হইতেছ এবং আমাদের সকলের ভালবাসার পাত্র হইতেছ । আমি আমার শ্বশুর বাড়ী সুখে শান্তিতে আছি । সেজন্যই আমার মাতার ত্যাক্ত সম্পত্তির উপর কোনরকম লালসা নাই । বহুদিন হইতে আমার ইচ্ছা যে উক্ত সম্পত্তি মধ্যে আমার ১/৭ রকম অংশের সম্পত্তি যাহা আইনতঃ হইতে পারে তাহা আমার একমাত্র ভ্রাতা তুমি দানপত্র গ্রহীতা তোমাকে চিরকালের জন্য দিতে পারিলে আমার মনের ইচ্ছা পূরন হয় ।

আমার মনের ইচ্ছা পূরন করার জন্য নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যে ১/৭ রকম অংশ আছে তাহার একটী দানপত্র দলিল তুমি দানপত্র গ্রহীতা তোমার নাম বরাবর লিখিয়া দিয়া প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

|| ৫ ||

দানকৃত নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব, স্বামিত্ব, স্বার্থ লভ্য, দখল অধিকার স্বত্ব হকিয়ৎ দাবী দাওয়া প্রভৃতি ছিল বা আছে বা হইতে পারে অদ্য অত্র দানপত্র বলে আমার হইতে চিরকালের জন্য ধ্বংস ও বিলুপ্ত হইয়া তোমাতে সর্ব্বতোভাবে বর্তিল । তুমি অদ্য হইতে আমার ১/৭ রকম অংশের সম্পত্তি যাহা আছে তাহাতে আমার যাবতীয় স্বত্ব স্বত্ববান ও দখলে দখলিকার থাকিয়া কলিকাতা করপোরেশনে আমার নাম কর্ত্তন করতঃ তোমার নিজ নাম রেকর্ড ভুক্ত করাইয়া লইয়া ট্যাক্সাদী তোমার নাম বরাবর আদায় দিয়া পুত্র পৌত্রাদী ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে পরম সুখে দান, বিক্রয়, বন্ধক ইত্যাদীর যাবতীয় হস্তান্তরের ক্ষমতা যুক্ত ও সর্ববিধ অবস্থান্তর ও রূপান্তর করনের ক্ষমতা যুক্ত যদৃচ্ছা ভাবে ষোল আনা মালিক স্বরূপে ভোগ দখল বসবাস ইত্যাদী করিতে থাক ও থাকিবেক, তাহাতে আমি বা আমার কোন পুত্র কন্যা বা তাহাদের পরবর্ত্তী ওয়ারেশগণ কেহ কখনও কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিবনা ও পারিবে না, করিলেও তাহা অত্র দানপত্র বলে সর্ব্বদা সর্ব্বস্থানে সর্ব্ব প্রকার অফিস আদালতে সর্বতোভাবে বাতিল ও নামঞ্জুর হইবেক ।

এতদ্দ্বারা আরও প্রকাশ করিতেছি যে, আমার অংশের সম্পত্তি যাহা নিম্নের তপশীলে বর্ণিত হইল উহা বা উহার কোন অংশ খেনও কাহাকেও দান, বিক্রয়, ইত্যাদীর দ্বারা কোন প্রকার হস্তান্তর করি নাই বা কাহারও নাম বরাবর উইল বা চরমপত্র দলিল করিয়া দেই নাই । সম্পূর্ন নির্দায় ও নির্দোষ অবস্থায় নিম্নের তপশীল বর্ণিত সম্পত্তি তুমি দানপত্র গ্রহীতা তোমাকে দান করতঃ দানকৃত সম্পত্তি হইতে চিরকালের জন্য আমি মায় আমার ওয়ারিশগণ গণ ক্রমে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইয়া তোমার অনুকূলে ষোল আনা খাস দখল প্রদান করিলাম ।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলে যদি কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ

পায় তাহা হইলে আমি উক্ত ভুল ভ্রান্তির জন্য অপর যে কোন প্রকারের সংশোধন দলিল করিয়া দেওয়ার প্রয়োজন হইলে তাহাও সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিব ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনা প্ররোচনায় স্বজ্ঞানে অত্র দানপত্র দলিল খানি লিখাইয়া তাহা পাঠ করতঃ মর্ম্ম সকল অবগত হইয়া অত্র দলিল সহি সম্পাদন করিলাম । ইতি তারিখ ইংরাজী ১৯৮৮ সালের ৮-ই ফেব্রুয়ারী- বাংলা ১৩৯৪ সালের ২৫ শে-মাঘ।

তপশীল দানকৃত সম্পত্তির পরিচয় :-

* * * * * * * * * * * * *

জেলা দঃ ২৪ পরগণা, থানা হাল কসবা সব রেজিষ্ট্রী অফিস আলিপুর অধুনা শিয়ালদহ অন্তর্গত , কলিকাতা মিউনিসিপ্যাল করপোরেশনের অধীন ১০ নং সাউথ পার্ক, সন্তোষপুর কলিকাতা ৭৫ প্রেমিসেস স্থিত অত্র জেলা কালেকটারীর ১৫১ নং তৌজি ভুক্ত রেঃ সাং নং ১৮ ; জেঃ এলঃ নং ২২ , মৌজা- সন্তোষপুর গ্রামে রায়ত দখলি স্বত্বীয় ১৬৭ নং খতিয়ান বর্ণিত মোট ভূম্যাদীর কাত বার্ষিক ২৫.৪০ পয়সা করের জমি জমা মধ্যে আমার মাতার খরিদা ৭০ সত্তর নং দাগে ৬ ছয় কাঠা ১ এক ছটাক ১৪ চৌদ্দ বর্গফুট জমি ও ৭৩ তিয়াত্তর নং দাগে ৫ পাঁচ ছটাক ১৯ উনিশ বর্গফুট জমি একুনে ৬ কাঠা ৬ ছটাক ৩৩ বর্গফুট জমি হইতে পূর্ব্বে কমবেশী ১ এক কাঠা জমি হস্তান্তর করা বাদে বক্রী কমবেশী ৫ পাঁচ কাঠা ৭ সাত ছটাক জমি সমেত তদুপরিস্থিত পুরাতন ইমারত বাটীর মধ্যে আমার ২/৭ রকম অংশের সম্পত্তি অত্রই দানকৃত সম্পত্তি হইতেছে । দানকৃত সম্পত্তির যাবতীয় মতে বাকি ও করপোরেশনের ট্যাক্সাদি তোমার নাম বরাবর আদায় দিবে ।

।। ৭ ।।

কমবেশী ৫ কাঠা ৭ ছটাক জমি সায়ু তদুপরিস্থিত ইমারতের চৌহদ্দি :-

উত্তরে :- ডাক্তার বি, এন, দত্ত এবং শান্তনু ধারের জমি ।

দক্ষিন :- বিজয় সেনগুপ্ত ,

পূর্ব্ব :- ২০ ' ফুট প্রশস্থ সাউথ পার্ক নামক রাস্তা ,

পশ্চিম :- বিজয় সেনগুপ্ত দীং ।

উক্ত চৌহদ্দিদ মধ্যে আমার $\frac{১}{৭}$ রকম অংশের সম্পত্তি অত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে । মোট কমবেশী ৫ কাঠা ৭ ছটাক সম্পত্তির প্ল্যান অত্র সাথ দাখিল করা হইল । দাখিলী নক্সায় লাল রং এর রেখা দ্বারা বেষ্টিত মোট সম্পত্তি হইতেছে ।

আমি অত্র দানপত্র গ্রহীতা তোমারে দান

সাদরে গ্রহন করিলাম ।

প্রদীপ কুমার দত্ত

মুসাবিদাকারক :-

শ্রী জ্যোতির্ম্ময় চক্রবর্তী

দলিল লেখক আলিপুর

লাইসেন্স নং ৯-৩৬/৭৯

ইসাদী :-

১। শ্রীমতি কুমার বিশ্বাস

৩৪, বাবুলাল সু. মেইন রোড

কলিকাতা - ৫১.

২। অমিয় দাস .

উকিলপাড়া

বারুইপুর

২৪ পরগণা .

টাইপকারক :-

শ্রী সনৎ কুমার মানা

শ্রী সনৎ কুমার মানা,

আলিপুর , কলিকাতা- ২৭ ।।

LAND OF DWELLING HOUSE AT SANTOSHPUR

CAL -700 075

SCALE - 10'=1 INCH

